গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা।

**বিষয়** : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
**সভাপতি** : জনাব মো: আলমগীর, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
**তারিখ** : ২৫ এপ্রিল, ২০১৯খ্রিঃ।
**সময়** : বিকাল ০৩:০০ ঘটিকা।
**সভার স্থান**: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সভাকক্ষ, ১০ম তলা, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভার কার্যপত্র উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুসারে ধারাবাহিকভাবে আলোচনা-পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| আলোচনাসংক্ষেপ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত মাসিক সমন্বয় সভার কাযবিবরণী উপস্থাপন ও নিশ্চিতকরণ। | গত ২৪.০৩.২০১৯ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণীর ১৩নং ক্রমিকের অডিট আপত্তিগুলো প্রতিষ্ঠান ভিত্তিক না দিয়ে গ্রুপ ভিত্তিক দিতে হবে মর্মে নিরীক্ষা অধিদপ্তরকে পত্র দিতে হবে এর স্থলে অডিট আপত্তিগুলো প্রতিষ্ঠান ভিত্তিক না দিয়ে গ্রুপ ভিত্তিক করতে হবে মর্মে সংশোধনক্রমে উক্ত কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হয়। | |
| <u>**২। উইং পর্যায়ে সমন্বয় সভা:**</u> বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও বিএমটিটিআই হতে তাদের সমন্বয় সভার কার্যবিবিরণী পাওয়া যায়নি মর্মে সভায় জানানো হয়। | ✓ সকল অনুবিভাগ ও দপ্তর/সংস্থা সমন্বয় সভা আয়োজনপূর্বক কার্যবিবরণী এ বিভাগের সমন্বয় সভার পূর্বেই প্রশাসন অনুবিভাগে প্রেরণ নিশ্চিত করবে।<br>✓ BTEB ও BMTTI আগামী মাস থেকে নিয়মিত সমন্বয় সভা করে নির্ধারিত সময়ের মধ্যে কার্যবিবরণী প্রশাসন অনুবিভাগে প্রেরণ করবে। | সকাল অনুবিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| **৩। সামাজিক নিরাপত্তা:** যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) জানান সামাজিক নিরাপত্তা বিষয়ক ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট নির্ধারণ রয়েছে। প্রতিমাসের ১ম সপ্তাহের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হয়। সে প্রেক্ষিতে, মাসের শুরুতেই দপ্তর/সংস্থা হতে সামাজিক নিরাপত্তা বিষয়ক প্রতিবেদন সংগ্রহ করা প্রয়োজন মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। সভাপতি সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাকে প্রতি মাসের ২ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা দেন। | ✓ সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা প্রতি মাসের ২ তারিখের মধ্যে সামাজিক নিরাপত্তা কর্মসূচির হালনাগাদ তথ্য প্রেরণ নিশ্চিত করবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা |
| | ✓ অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ১ম সপ্তাহের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| **৪) জাতীয় সংসদে মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় শিক্ষা মন্ত্রীর প্রশ্নোত্তর প্রেরণ:** যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) জানান যে, জাতীয় সংসদের প্রশ্নোত্তর যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। কাউন্সিল অফিসার ও বিকল্প কাউন্সিল অফিসারের নাম, পদবী, মোবাইল ও ই-মেইল ঠিকানা এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | ✓ জাতীয় সংসদে মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় শিক্ষা মন্ত্রীর এ বিভাগ সম্পর্কিত প্রশ্নসমূহের যথাযথ/স্বয়ংসম্পূর্ণ উত্তর ও হালনাগাদ তথ্যাদি সকল দপ্তর/সংস্থা নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করবে।<br>✓ জাতীয় সংসদের প্রশ্নোত্তর তথ্যবহুল ও To The Point এ প্রেরণ করতে হবে।<br>✓ | সকল দপ্তর/সংস্থা |

| আলোচনাসংক্ষেপ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **<u>৫) ক) জেলা প্রশাসক সম্মেলন-২০১৮:</u>**<br>যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভাকে অবহিত করেন যে, জেলা প্রশাসক সম্মেলন-২০১৮ এ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অত্র বিভাগ সংশ্লিষ্ট নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:<br>ক) পলিটেকনিক ইন্সটিটিউট নির্মাণ (জেলা প্রশাসক, রাজবাড়ী)<br>খ) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে পর্যাপ্ত ব্যবহারিক যন্ত্রপাতি সরবরাহকরণ<br>গ) খুলনা পলিটেকনিক ইন্সটিটিউটে চিংড়ি ট্রেড চালুকরণ (জেলা প্রশাসক, খুলনা)।<br>উক্ত সিদ্ধান্তসমূহের হালনাগাদ প্রতিবেদন প্রতিমাসে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। | মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত হালনাগাদ প্রতিবেদন প্রেরণের ধারা অব্যাহত রাখতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| **<u>খ) অভিন্ন শিক্ষা কোর্স চালুকরণ:</u>**<br>যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের বরাতে অভিন্ন শিক্ষা কোর্স চালুকরণ কার্যক্রম বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য এ বিভাগের মাদ্রাসা ও কারিগরি অনুবিভাগকে পত্র দেয়া হয়। মাদ্রাসা অনুবিভাগ হতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণের জন্য ইতোমধ্যে উক্ত বিভাগের সিনিয়র সচিব মহোদয় বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে এবং তা মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হয়েছে। মাধ্যমিক ও উচচ শিক্ষা বিভাগের সাথে এ বিষয়ে প্রয়োজনীয় আলোচনা/সভা করে মাদ্রাসা ও কারিগরি অনুবিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। সভাপতি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সাথে দ্রুত এ সংক্রান্ত সভা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মাদ্রাসা ও কারিগরি অনুবিভাগকে নির্দেশনা প্রদান করেন। | কারিগরি ও মাদ্রাসা অনুবিভাগ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সাথে যোগাযোগক্রমে অভিন্ন শিক্ষা কোর্স চালুর বিষয়ে জরুরী ভিত্তিতে সভা করে গৃহীত কার্যক্রম সম্পর্কে প্রশাসন অনুবিভাগকে অবহিত করবে।<br>কারিগরি ও মাদ্রাসা অনুবিভাগ হতে অভিন্ন শিক্ষা কোর্স চালুর বিষয়ে গৃহীত কার্যক্রম প্রশাসন অনুবিভাগ হতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।। | কারিগরি/মাদ্রাসা/ প্রশাসন অনুবিভাগ |
| **গ) ফরিদপুর জেলায় চলমান নৈতিক শিক্ষা মডেল চালুকরণ:**<br>যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভাকে জানান, ফরিদপুর জেলায় চলমান নৈতিক শিক্ষা মডেল চালুকরণ বিষয়ে উক্ত মডেলের ওপর এ বিভাগের পর্যবেক্ষণ/মতামত ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ফরিদপুর জেলায় চলমান নৈতিক শিক্ষা মডেল চালুকরণ বিষয়ে এ বিভাগ হতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত পর্যবেক্ষণ/মতামতের বরাতে উক্ত বিভাগ হতে এ বিষয়ে পরবর্তীতে কোন নির্দেশনা/সিদ্ধান্ত পাওয়া গেলে কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| **৬) শূন্য পদে জনবল নিয়োগ:** শুন্য পদে জনবল নিয়োগ বিষয়ে নিম্নোক্ত তথ্যাদি সভায় তুলে ধরা হয়:<br>✓ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণির ৭টি ক্যাটাগরিতে ৩৩টি পদে জনবল নিয়োগের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ২৬/০৪/২০১৯ তারিখ থেকে ০৫/০৫/২০১৯ তারিখ পর্যন্ত মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।<br>✓ কারিগরি শিক্ষা অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির ২৭২টি শূন্য পদের বিপরীতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে তবে সর্বমোট কতটি শুন্য পদ রয়েছে এ বিষয়ক তথ্য পাওয়া যায়নি | ✓ সকল দপ্তর/সংস্থা সমন্বয় সভার পূর্বেই পদভিত্তিক ও সুনির্দিষ্টভাবে নিয়মিত শূন্য পদের তথ্য প্রেরণ নিশ্চিত করবে।<br>✓ কারিগরি শিক্ষা বোর্ড ১০৫টি শূন্য পদ পূরণে গৃহীত কার্যক্রম আগামী সমন্বয় সভার পূর্বেই প্রশাসন অনুবিভাগে প্রেরণ নিশ্চিত করবে। | |

| আলোচনাসংক্ষেপ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ✓ কারিগরি শিক্ষা বোর্ডে ১ম শ্রেণি থেকে ৪র্থ শ্রেণি পর্যন্ত সর্বমোট ১০৫টি পদ শুন্য রয়েছে। তবে শুন্য পদ পূরণে গৃহীত কার্যক্রম সম্পর্কে কোন তথ্য পাওয়া যায়নি।<br>✓ বিএমটিটিআই শুন্য পদের সংখ্যা এবং শুন্য পদ পূরণে গৃহীত কার্যক্রম সম্পর্কে কোন তথ্য প্রেরণ না করে কেবল শুন্য পদের বিষয়ে একটি কমিটি গঠনের জন্য মাদ্রাসা অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে জানিয়েছে।<br>কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি সভাকে জানান, উক্ত অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির মোট ২৭২ টি পদ শুন্য রয়েছে এবং উক্ত শুন্য পদসমূহ পূরণের জন্য নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রতিনিধি জানান, ৪জন অফিস সহায়ক চাকুরি হতে ইস্তফা দেয়ায় উক্ত ৪টি পদ শুন্য রয়েছে। | | |
| **<u>৭) ই-ফাইলিং</u>**<br>যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) বলেন, এটুআই এর তথ্য অনুযায়ী ছোট ক্যাটাগরির ৩৬টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ই-ফাইলিং এ বিভাগের অবস্থান ১৮তম (১৫ এপ্রিল/১৯ পর্যন্ত)।<br>বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) ই-ফাইলিং চালু করেনি মর্মে সভাকে অবহিত করা হয়। ই-ফাইলিং চালূকরণ বিষয়ে বিএমটিটিআই হতে প্রাপ্ত পত্রের বরাতে অত্র বিভাগ হতে এটুআইকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানাতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ✓ ই-নথিতে আগত ডাকসমূহ অগ্রাধিকার বিবেচনায় নিস্পত্তির জন্য সংশ্লিষ্ট সকলে মনিটরিং ব্যবস্থা জোরদার করবে।<br>✓ এ বিভাগ ও দপ্তর/সংস্থা সকল পত্র ই-নথিতে উপস্থাপন ও নিস্পত্তি নিশ্চিত করবে।<br>✓ বিএমটিটিআই ই-ফাইলিং চালুকরণ বিষয়ক প্রস্তাবনা এ বিভাগে প্রেরণ করবে। | সকল অনুবিভাগ/দপ্তর/ সংস্থা<br><br>বিএমটিটিআই |
| **<u>৮) ই-টেন্ডারিং-</u>**<br>সভাকে জানানো হয় যে, এ বিভাগের ই-টেন্ডারিং কার্যক্রম Evaluation পর্যায়ে আছে।<br>বিএমটিটিআই ও নেকটার এখনো ই-টেন্ডারিং কার্যক্রম শুরু করেনি মর্মে সভাকে অবহিত করা হয়। | ✓ সকল দপ্তর/সংস্থা ই-টেন্ডারিং এর মাধ্যমে ক্রয় কার্যক্রম সম্পন্ন করবে।<br>✓ BMTTI ও NACTAR জরুরী ভিত্তিতে ই-টেন্ডারিং কার্যক্রম শুরু করবে। | প্রশাসন অনুবিভাগ/ সকল দপ্তর/সংস্থা |
| **<u>৯) ইনহাউজ প্রশিক্ষণ</u>**<br>যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভাকে অবহিত করেন যে, এ বিভাগের ইন-হাউজ প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। বর্তমানে ৩য় ব্যাচের ইন-হাউজ প্রশিক্ষণ চলছে। কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা বোর্ড ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করেছে। সভাপতি মহোদয় ইনহাউজ প্রশিক্ষণে প্রশিক্ষক কর্তৃক বিষয়ভিত্তিক হ্যান্ডআউট প্রদান এবং প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ও প্রশিক্ষণ শেষে পরীক্ষা গ্রহণের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। | ✓ সংশ্লিষ্ট প্রশিক্ষকগণ ইন-হাউজ প্রশিক্ষণার্থীদের মাঝে বিষয়ভিত্তিক হ্যান্ড আউট সরবরাহ নিশ্চিত করবেন।<br>✓ দপ্তর/সংস্থা ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করে নির্ধাতি সময়ের মধ্যে এ বিভাগে প্রতিবেদন প্রেরণ করবে।<br>✓ ইন-হাউজ প্রশিক্ষণ শেষে প্রশিক্ষকগণ মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>✓ চলতি অর্থ বছরের মধ্যেই এ বিভাগের অবশিষ্ট কর্মচারীদের ইন-হাউজ প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br>✓ মাদ্রাসা শিক্ষা বোর্ড, BMTTI ও NACTAR জরুরী ভিত্তিতে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করবে এবং প্রতিবেদন প্রশাসন অনুবিভাগে প্রেরণ করবে। | প্রশাসন অনুবিভাগ/ সকল দপ্তর/সংস্থা |
| **<u>১০) সিটিজেন চার্টার বাস্তবায়ন:</u>**<br>যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) জানান যে, এ সংক্রান্ত কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। কমিটির ১জন সদস্যর বদলী হওয়ায় এবং অপর ১জন সদস্য প্রশিক্ষণে থাকায় কার্যক্রম সম্পন্ন করা হয়নি সভাপতি মহোদয় প্রয়োজনে কমিটি | প্রয়োজনে কমিটি পুনর্গঠন করে দ্রুত সভা আয়োজনের মাধ্যমে সিটিজেন চার্টার প্রস্তুত করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |

| আলোচনাসংক্ষেপ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| পুনর্গঠন করে দ্রুত কাজটি সমাধা করার বিষয়ে জোর দেন। | | |
| **<u>১১) Job Description :</u>**<br>যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভাকে জানান যে, এ সংক্রান্ত কমিটির একটি সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। কমিটির ১জন সদস্যর বদলী হওয়ায় এবং অপর ১জন সদস্য প্রশিক্ষণে থাকায় সম্পন্ন করা যায়নি। সভাপতি মহোদয় প্রয়োজনে কমিটি পুনর্গঠন করে দ্রুত কাজটি সমাধা করার বিষয়ে জোর দেন। | প্রয়োজনে কমিটি পুনর্গঠন করে দ্রুত সভা আয়োজনের মাধ্যমে Job Description প্রস্তুত করতে হবে | সংশ্লিষ্ট কমিটি |
| **<u>১২) জিআরএস:</u>** গত সভার সিদ্ধান্তের আলোকে অতিরিক্ত সচিব (কারিগরি) ডা. মো: ফারুক হোসেন এর পরিবর্তে যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) এস. এম. মাহাবুবুর রহমানকে জিআরএস বিষয়ক ফোকাল পয়েন্ট মনোনয়ন প্রদানপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হয়েছে। এতদ্‌সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | নিয়মিত যথাসময়ে জিআরএস প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| **<u>১৩) মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় সংসদ সচিবালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের যাচিত প্রতিবেদন যথা সময়ে প্রেরণঃ</u>**<br>যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভাকে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় সংসদ সচিবালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের যাচিত প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। | যথাসময়ে হালনাগাদ/স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ /সকাল দপ্তর/ সংস্থা। |
| **<u>১৪) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নঃ</u>**<br>যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভাকে জানান যে, পরিকল্পনা শাখাসহ সংশ্লিষ্টদের নিকট হতে সংগৃহীত তথ্যাদির আলোকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত এ বিভাগ সংশ্লিষ্ট প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহের হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে।<br>মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহ নিম্নরূপ:<br><u>প্রতিশ্রুতিসমূহ:</u><br>১। লালমনিরহাট পলিটেকনিক ইনস্টিটিউট নির্মাণকরণ।<br>২। দহগ্রাম দাখিল মাদ্রাসাকে এমপিওভুক্তকরণ।<br>৩। নীলফামারী ভোকেশনাল ইন্সটিটিউট পলিটেকনিক ইন্সটিটিউটে উন্নীতকরণ।<br>৪। নারায়নগঞ্জ জেলার মাদ্রাসার অবকাঠামোগত উন্নয়ন।<br>৫। বাগেরহাট জেলায় একটি পূর্ণাঙ্গ পলিটেকনিক ইন্সটিটিউট স্থাপন।<br>৬। মীরসরাই এ কারিগরি শিক্ষা ইন্সটিটিউট নির্মাণ।<br>৭। সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলায় একটি টেকনিক্যাল কলেজ স্থাপন।<br><u>নির্দেশনাসমূহ:</u><br>১। ছাত্র-ছাত্রীদের খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকান্ডে উৎসাহিত করতে হবে।<br>২। হাওর অঞ্চল হওয়ায় এবং বিভিন্ন সামাজিক প্রতিবন্ধকতার কারণে সিলেট বিভাগের মেয়েদের শিক্ষার হার বৃদ্ধিকল্পে বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩ দেশের বর্তমান শিক্ষা ব্যবস্থার বিকাশ ঘটেছে মাদ্রাসা আর টোল শিক্ষা ব্যবস্থার উপর ভিত্তি করে মাদ্রাসা শিক্ষার আধুনিকায়নের উপর বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে এ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/ নির্দেশনাসমূহের হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েবসাইটে প্রতিমাসের নির্ধারিত তারিখের মধ্যে আপলোড নিশ্চিত করার ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>পরিকল্পনা ও উন্নয়ন শাখাসহ সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা নিয়মিত এতদ্‌সংক্রান্ত হালনাগাদ তথ্য সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করবে। | প্রশাসন অনুবিভাগ/ যুগ্মসচিব (উন্নয়ন), উপপ্রধান (পরিকল্পনা)/ সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা /সকল দপ্তর/সংস্থা। |

<table>
<tr><th>আলোচনাসংক্ষেপ</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>[illegible] কারিকুলাম তৈরী করতে হবে।<br><br>[illegible] বিজ্ঞান শিক্ষা এবং গবেষণার উপর গুরুত্ব দিতে হবে<br>[illegible] ভিত্তিক শিক্ষা কার্যক্রম চালু করতে হবে।<br>[illegible] চাকুরীর সুযোগ রয়েছে এমন শিক্ষা কার্যক্রম [illegible] উপর উচ্চ শিক্ষা কার্যক্রম গ্রহণ করতে হবে<br>[illegible] থেকে শিক্ষার্থীদের প্রবণতা চিহ্নিত করে সে অনুসারে শিক্ষাদান, মেধাবীদের উচ্চ বিশেষায়িত ধারায় শিক্ষা এবং [illegible] কারিগরি বিষয়ে শিক্ষাদান করতে হবে।<br>[illegible] আন্তর্জাতিক পরিমন্ডলে প্রতিযোগিতার জন্য ইংরেজী ভাষা শিক্ষার উপর জোর দিতে হবে; টিভিতে মানসম্পন্ন ক্লাস সম্প্রচার করতে হবে এবং দেশের ৭টি বিভাগে ৭টি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করতে হবে।<br>[illegible] শিক্ষাক্ষেত্রে দেশের বিভিন্ন, এলাকার সুযোগ ও সম্ভাবনা চিহ্নিত করা, শিক্ষক নিয়োগের জন্য আলাদা কর্মকমিশন গঠন, প্রয়োজনীয় আইন তৈরী এবং চট্রগ্রাম ও রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপন করতে হবে।</td><td></td><td></td></tr>
<tr><td><u>১৫) অডিট আপত্তি সংক্রান্ত:</u> অডিট শাখা হতে প্রাপ্ত অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়। অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় যে, দ্বি-পক্ষীয় সভা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট নয়। নিরীক্ষা অধিদপ্তর ও দপ্তর/সংস্থার মধ্যে দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রণালয় শুধু ত্রি-পক্ষীয় সভা করে থাকে।
<table>
<tr><th colspan="2">সর্বমোট অডিট আপত্তির সংখ্যা</th><th colspan="2">সর্বমোট নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা</th><th colspan="2">সর্বমোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা</th></tr>
<tr><td>অগ্রিম</td><td>সাধারণ</td><td>অগ্রিম</td><td>সাধারণ</td><td>অগ্রিম</td><td>সাধারণ</td></tr>
<tr><td>২০২</td><td>১২৪৯</td><td>১৪৬</td><td>২২২৫</td><td>১৯৮</td><td>১২০৪</td></tr>
</table></td><td>অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক ত্রিপক্ষীয় সভার আয়োজন করতে হবে। অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি প্রতিমাসে রিপোর্ট আকারে প্রশাসন অনুবিভাগে প্রেরণ করতে হবে।</td><td>যুগ্মসচিব (অডিট ও আইন)</td></tr>
<tr><td>১৬) মামলা সংক্রান্ত:<br>আইন শাখা হতে মামলা সংক্রান্ত নিম্নোক্ত তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়:
<table>
<tr><th>মামলার ধরন</th><th>মোট মামলা</th><th>নিষ্পত্তিকৃত মামলা</th><th>পেন্ডিং মামলা</th></tr>
<tr><td>রিট মামলা</td><td>১০৩৯</td><td>৫০</td><td>৯৮৯</td></tr>
<tr><td>সিভিল মামলা</td><td>৩৭</td><td>১৯</td><td>১৮</td></tr>
<tr><td>কন্টেম্পট মামলা</td><td>৫০</td><td>২০</td><td>৩০</td></tr>
<tr><td>[illegible] মামলা</td><td>০৯</td><td>-</td><td>০৯</td></tr>
<tr><td>[illegible] মামলা</td><td>০২</td><td>০১</td><td>০১</td></tr>
<tr><td>[illegible]</td><td>০৭</td><td>০৬</td><td>০১</td></tr>
<tr><td>[illegible]</td><td>১১৪৪</td><td>৯৬</td><td>১০৪৮</td></tr>
</table></td><td>✓ মামলা সংক্রান্ত নথি উপস্থাপনের ক্ষেত্রে মামলা দায়ের মূল কারণ, পক্ষ-বিপক্ষ ও এ যাবৎ প্রদত্ত আদেশের সুনির্দিষ্ট বিবরণ উল্লেখ থাকতে হবে।<br>✓ এ বিভাগের বিরুদ্ধে দায়েরকৃত মামলাসমূহ যথাযথভাবে পরিচালনা কার্যক্রম জোরদার করতে হবে।<br>✓ মামলার আদেশের বিরুদ্ধে যথাযথ আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে; বিশেষত: কন্টেম্পট মামলার বিষয়ে মনিটরিং ব্যবস্থা আরও জোরদার করতে হবে এবং কন্টেম্পট মামলা এড়ানোর লক্ষ্যে মূল মামলার আদেশের বিষয়ে যথাসময়ে আপীল দায়েরসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা নিতে হবে।<br>✓ মামলা সংক্রান্ত প্রতিবেদনে সরকারের বিপক্ষে রায়ের ক্ষেত্রে যৌক্তিক করণ উল্লেখ</td><td>যুগ্মসচিব (অডিট ও আইন)</td></tr>
</table>

| আলোচনাসংক্ষেপ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| | করতে হবে প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট মামলায় সরকার পক্ষে আইনী কার্যক্রম গ্রহণে কোনরূপ ত্রুটি বিচ্যুতি/শৈথিল্য পরিলক্ষিত হলে দায়িত্ব নির্ধারণপূর্বক উক্তরূপ ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে<br>✓ কনটেম্পট মামলা এবং রীট মামলার তথ্য আরো সুনির্দিষ্ট হতে হবে | |
| **১৭) পেন্ডিং বিষয়াদি নিষ্পত্তিকরণ:** যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) জানান যে, প্রতিমাসের ২০ তারিখের মধ্যে পেন্ডিং তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়েছে। শাখা-অধিশাখা, দপ্তর-সংস্থা হতে প্রাপ্ত পেন্ডিং তালিকার বিষয়ে সভায় বিশদ আলোচনাকালে জানা যায় যে, কারিগরি অনুবিভাগ হতে প্রাপ্ত পেন্ডিং তালিকায় কেবল অনিষ্পন্ন এবং নিষ্পত্তিকৃত পত্রসংখ্যা উল্লেখ রয়েছে, কোন বিষয়বস্তু উল্লেখ নেই। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর সভাকে জানান যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের পদ সংরক্ষণ ও গ্রাফিকস আর্ট কলেজ সংস্কার ও আধুনিকায়ন সংক্রান্ত কারিগরি অনুবিভাগে দীর্ঘদিনের (৮/৯মাস) দু'টি পেন্ডিং বিষয় রয়েছে। সে প্রেক্ষিতে, বিষয়টি তদন্তক্রমে গত মাসিক সমন্বয় সভায় ১৫ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য যুগ্মসচিব (অডিট ও আইন)-কে অনুরোধ জানানো হয়। যুগ্মসচিব (প্রশাসন) জানান এখনও প্রতিবেদন পাওয়া যায়নি। সভাপতি জরুরী ভিত্তিতে প্রতিবেদন দাখিলের জন্য তাগিদ দেন। | ১. কারিগরি শিক্ষা অধিদপ্তরের পদ সংরক্ষণ ও গ্রাফিকস আর্ট কলেজ সংস্কার ও আধুনিকায়ন সংক্রান্ত দীর্ঘদিনের অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পন্নের ব্যবস্থা করতে হবে। যুগ্মসচিব (অডিট ও আইন) জনাব মো: বিল্লাল হোসেন বিষয়টি তদন্তক্রমে আগামী ১৫ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।<br>২. সকল অনুবিভাগ/দপ্তর/সংস্থা প্রতি মাসের ২০ তারিখের মধ্যে নির্ধারিত ছকে পেন্ডিং তালিকা প্রশাসন অনুবিভাগে প্রেরণ নিশ্চিত করবে এবং স্ব স্ব অনুবিভাগে এর অনুলিপি প্রেরণ করবে।<br>৩. সকল শাখা/অধিশাখা তাদের পেন্ডিং কাজের তালিকা প্রস্তুত করে অগ্রাধিকার বিবেচনায় পর্যায়ক্রমে সেগুলো নিষ্পত্তির ব্যবস্থা করবে। | সকল অনুবিভাগ/ দপ্তর/সংস্থা। |
| **<u>১৮) বার্ষিক প্রতিবেদন প্রকাশ :</u>** সভাকে অবহিত করা হয় যে, গঠিত কমিটির ১ম সভা গত ২১.০৩.২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভায় সকল দপ্তর/সংস্থাকে তথ্য সরবরাহের জন্য অনুরোধ জানানো হয়েছে। কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বিএমটিটিআই এবং নেকটার হতে তথ্য পাওয়া গেছে।<br><br>বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং কারিগরি শিক্ষা বোর্ড হতে তথ্য পাওয়া যায়নি মর্মে সভায় জানানো হয়। | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং কারিগরি শিক্ষা বোর্ড আগামী ০২ মে ২০১৯ তারিখের মধ্যে এতদবিষয়ক তথ্য এ বিভাগে প্রেরণ করবে। | প্রশাসন অনুবিভাগ /সংশ্লিষ্ট কমিটি |
| **<u>১৯) ইনোভেশন কার্যক্রমঃ</u>**<br>যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভাকে জানান যে, কর্মপরিকল্পনার আলোকে ইনোভেশন কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। শোকেসিং আয়োজনের প্রস্তুতি নেয়া হচ্ছে। | ১। এতদ্‌সংক্রান্ত ফোকাল পয়েন্ট দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত ইনোভেশন আইডিয়া নির্বাচনসহ এটুআই এর সাথে যোগাযোগক্রমে শীঘ্রই শোকেসিং আয়োজন এর সার্বিক কার্যক্রম গ্রহণ করবেন। | প্রশাসন অনুবিভাগ |
| <u>২০) এপিএ:</u> যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভাকে জানান যে, ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ওয়েব সাইটে গত ১৫.০৪.২০১৯ তারিখে আপলোড করা হয়েছে গঠিত এপিএ বিশেষজ্ঞ পুল পুলের ৩য় সভা অনুষ্ঠিত হয়েছে বিশেষজ্ঞ পুলের Instruction অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ২০১৯-২০ অর্থ বছরের এপিএ নির্দেশিকা পাওয়া গেছে। কর্মশালার মাধ্যমে সকল দপ্তর সংস্থাকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দেয় হয়েছে | ১. এপিএ বিষয়ক সার্বিক কার্যক্রম যথাসময়ে সঠিকভাবে সম্পাদনে বাস্তবসম্মত পন্থা/কৌশল অবলম্বন কিংবা করণীয় নির্ধারণে এপিএ বিশেষজ্ঞ পুলকে সক্রিয়ভাবে সম্পৃক্তকরণের ব্যবস্থা নিতে হবে।<br>২. হতে ২০১৯-২০ অর্থ বছরের এপিএ নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | এপিএ বিষয়ক ফোকাল পয়েন্ট/প্রশাসন অনুবিভাগ/সকল দপ্তর/সংস্থা |

| | | |
|---|---|---|
| **<u>২১) জাতীয় শুদ্ধাচার কৌশল (এন.আই.এস)</u>** :<br>যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভাকে জানান যে, ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া, জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত এ বিভাগে আওতাধীন ২ জন কর্মকর্তা-কর্মচারী ও কারিগরি অধিদপ্তরের ০১ জন কর্মকর্তাকে মনোনীত করা হয়েছে। | ১. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও দপ্তর/সংস্থা মাসে অন্তত: একটি করে গণশুনানীর ব্যবস্থা করতে হবে।<br>২. অভিযোগ বক্স এর পরিবর্তে মতামত বক্স লিখে বক্সটি দৃশ্যমান স্থানে রাখার ব্যবস্থা নিতে হবে। | এনআইএস বিষয়ক ফোকাল পয়েন্ট/প্রশাসন অনুবিভাগ/সকল দপ্তর/সংস্থা |
| **<u>২২) এসডিজি/ইস্তাম্বুল কর্মপরিকল্পনা:</u>**<br>এসডিজি এবং ইস্তাম্বুল কর্মপরিকল্পনা বিষয়ক বিস্তারিত তথ্যাদি সংরক্ষণে রাখার জন্য এতদ্‌সংক্রান্ত ফোকাল পয়েন্ট অতিরিক্ত সচিব (কারিগরি)-কে পরামর্শ দেয়া হয়। অতিরিক্ত সচিব (কারিগরি) সভাকে জানান যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্যোগে আগামী জুলাই/১৯ মাসে এসডিজি বিষয়ক একটি কনফারেন্স আয়োজনের প্রস্তুতি চলছে। উক্ত কনফারেন্সের একটি সেশনে এসডিজির আলোকে এ বিভাগের গৃহীত কার্যক্রমের অগ্রগতি বিষয়ে ইংরেজীতে ১ ঘন্টার একটি প্রেজেন্টেশন উপস্থাপন করতে হবে। | ১. এসডিজি/ইস্তাম্বুল সংক্রান্ত মনিটরিং কমিটি/ফোকাল পয়েন্ট প্রস্তুতকৃত কর্মপরিকল্পনার আলোকে যথাসময়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।<br>২. এসডিজি/ইস্তাম্বুল কর্মপরিকল্পনা বিষয়ক ফোকাল পয়েন্ট/মনিটরিং কমিটি ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার উপর এ বিভাগ সংশ্লিষ্ট তথ্য/কার্যক্রম সংবলিত প্রতিবেদন আগামী সমন্বয় সভায় উপস্থাপন করবেন।<br>৩. সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে যোগাযোগক্রমে জুলাই/১৯ মাসে অনুষ্ঠেয় সম্মেলনে ইংরেজীতে ১ ঘন্টার একটি প্রেজেন্টেশন উপস্থাপনের জন্য এতদ্‌বিষয়ক ফোকাল পয়েন্ট/মনিটরিং কমিটি যথাসময়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবেন। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট/মনিটরিং কমিটি |
| **২৩) বিবিধ: ক) মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন:** যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভাকে জানান যে, ২৮.০৩.২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে THE MADRASHA EDUCATION ORDINANCE, 1978 (ORDINANCE NO. IX OF 1978) সভার সিদ্ধান্তের আলোকে খসড়া পরিমার্জনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ২৮.০৩.২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠেয় সভার সিদ্ধান্তের আলোকে মাদ্রাসা অনুবিভাগকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | মাদ্রাসা অনুবিভাগ |
| **খ) বাল্য বিবাহ নিরোধ, মাদকাসক্ত, অটিজম, নারী নির্যাতন প্রতিরোধ, জঙ্গিবাদ:** যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভাকে জানান যে, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কারিগরি ও মাদ্রাসা স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে এ্যাসেম্বলির পূর্বে বাল্য বিবাহ নিরোধ, মাদকাসক্তের কুফল, নারী নির্যাতন প্রতিরোধ, জঙ্গিবাদ ইত্যাদি বিষয়ে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সংক্ষিপ্তাকারে উপদেশমূলক আলোচনার ধারা অব্যাহত আছে। | কারিগরি ও মাদ্রাসা স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে এ্যাসেম্বলির পূর্বে বাল্য বিবাহ নিরোধ, মাদকাসক্তের কুফল, নারী নির্যাতন প্রতিরোধ, জঙ্গিবাদ ইত্যাদি বিষয়ে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সংক্ষিপ্তাকারে উপদেশমূলক আলোচনার ধারা অব্যাহত রাখতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| **গ) মাঠ পর্যায়ে পরিদর্শন সংক্রান্ত:** সভাকে অবহিত করা হয় যে, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত কর্মকর্তাগণের বিপরীতে জেলা ভিত্তিক দায়িত্ব বন্টনপূর্বক ইতোপূর্বে জারিকৃত অফিস আদেশটি শীঘ্রই সংশোধন করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত কর্মকর্তাগণের বিপরীতে জেলা ভিত্তিক দায়িত্ব বন্টনপূর্বক ইতোপূর্বে জারিকৃত অফিস আদেশটি সংশোধন করতে হবে। | সমন্বয় শাখা |
| **<u>ঘ) ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন রোডম্যাপ সম্পর্কিত আলোচনা:</u>**<br>যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সভাকে জানান যে, বগুড়াস্থ নেকটারে ডিজিটাল ল্যাব সংক্রান্ত আবাসিক প্রশিক্ষণ সমাপ্তির পর সচিব মহোদয়ের মৌখিক নির্দেশে একটি ফলো চার্ট প্রস্তুত করা হয়েছে। | ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন রোডম্যাপ সংশ্লিষ্ট কার্যক্রমের অংশ হিসেবে এটুআই এর সাথে যোগাযোগক্রমে Flow Chart প্রস্তুতপূর্বক তা অনুমোদনের ব্যবস্থা নিতে হবে।<br>উক্ত অনুমোদিত Flow Chart অনুসরণে সফটওয়্যার Devlop করে একটি প্রজেক্ট ডকুমেন্ট প্রস্তুত করতে হবে। Software Combined হবে এবং কে কোথায় কি কাজ করছে তা নির্ধারণ করতে হবে। | প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার আইসিটি সেল |
| **<u>ঙ) কুমিল্লা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা বিভাগের ৪টি পলিটেকনিকের ছাত্রী নিবাসের সমস্য নিরসনের জন্য কমিটি গঠন:</u>**<br>সভাকে অবহিত করা হয় যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে এ | ১. অবশিষ্ট কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা বিভাগের পলিটেকনিক ইনস্টিটিউটসমূহ পরিদর্শনক্রমে জরুরী ভিত্তিতে কমিটি প্রতিবেদন দাখিল করবে। | সংশ্লিষ্ট কমিটি |

| | |
|---|---|
| বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়েছে। | ২. প্রতিবেদন অনুযায়ী মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর জরুরী ব্যবস্থা নেবেন |

২৪। **প্রকল্প সংক্রান্ত তথ্য:** উপ-প্রধান (পরিকল্পনা) হতে প্রাপ্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের নিম্নোক্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়:

| ক্রমিক নং | প্রকল্পের নাম | ২০১৮-১৯ অর্থ বছরের এডিপি বরাদ্দ | | | **মার্চ/২০১৯ পর্যন্ত ব্যয়** | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্রঃ সহায় | মোট | জিওবি | প্রঃ সহায় | মোট |
| **কারিগরি শিক্ষা অধিদপ্তর** | | | | | | | |
| ১. | **বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন** (জুলাই ২০১০ হতে জুন ২০১৯) | ৪০০.০০ | -- | ৪০০.০০ | ১২২.৩৩ | - | ১২২.৩৩ |
| ২. | **স্কিলস্ এন্ড ট্রেনিং এনহান্সমেন্ট প্রজেক্ট** (STEP) (জুলাই ২০১০ হতে জুন ২০১৯) | ৭০০০.০০ | ৩৬০০০.০০ | ৪৩০০০.০০ | ২৮৯৮.০৪ | ১১৪৯৩.৩৯ | ১৪৩৯১.৪৩ |
| ৩. | **১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল স্থাপন** (জানুয়ারী ২০১৪ হতে ডিসেম্বর ২০১৮) [০৩ বছর মেয়াদ বৃদ্ধির বিষয়টি প্রক্রিয়াধীন] | ২৪৫২৬.০০ | -- | ২৪৫২৬.০০ | ১৬৬৫৫.২৮ | - | ১৬৬৫৫.২৮ |
| ৪. | Bangladesh Skills for Employment & Productivity (B-SEP) (জানুয়ারী ২০১৩ হতে ডিসেম্বর ২০১৮ (মেয়াদবৃদ্ধির প্রস্তাব বিবেচনাধীন) | -- | ১৫০০.০০ | ১৫০০.০০ | -- | ১১০৬.৬৪ | ১১০৬.৬৪ |
| ৫. | Skills and Employment Programme in Bangladesh (SEP-B) (জুলাই ২০১৫ হতে জুন ২০২০) | -- | ৪৮৪২.০০ | ৪৮৪২.০০ | -- | ৩৩১৩.৯৫ | ৩৩১৩.৯৫ |
| ৬. | "**সিলেট, বরিশাল, রংপুর এবং ময়মনসিংহ বিভাগে ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন**" (জানুয়ারী ২০১৮ হতে ডিসেম্বর ২০২০) | ১০০০.০০ | - | ১০০০.০০ | ২১.৭২ | - | ২১.৭২ |
| ৭. | "অধিক সংখ্যক শিক্ষার্থী ভর্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে বিদ্যমান পলিটেকনিক ইনস্টিটিউট সমূহের অবকাঠামো উন্নয়ন" (জুলাই ২০১৭ হতে জুন ২০২০) | ১০০০.০০ | ১০০০.০০ | ২০০০.০০ | ১৫.৯২ | - | ১৫.৯২ |
| ৮. | **"বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন"** (জুলাই ২০১৮ হতে জুন ২০২১) | ৫০০.০০ | - | ৫০০.০০ | ৫০.৫৮ | - | ৫০.৫৮ |
| | উপমোট (কারিগরি) = | ৩৫৪২৬.০০ | ৪২৩৪২.০০ | ৭৭৭৬৮.০০ | ১৯৭৬৩.৮৭ | ১৮০৩২.৮৪ | ৩৭৭৯৬.৭১ |
| **মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর** | | | | | | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৯. | "দেশের ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন" জুলাই,২০১৭ হতে ডিসেম্বর,২০১৯ | ১৫৫৬.০০ | - | ১৫৫৬.০০ | ৫০.২৮ | - | ৫০.২৮ |
| ১০. | "মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে মাদ্রাসা এডুকেশন ম্যানেজমেন্ট এন্ড ইনফরমেশন সিস্টেম (MEMIS) সাপোর্ট স্থাপন" (জুলাই,২০১৭ হতে জুন,২০১৯) | ৮১৩.০০ | - | ৮১৩.০০ | ৩৪১.৬০ | - | ৩৪১.৬০ |
| | উপমোট (মাদ্রাসা) | ২৩৬৯.০০ | - | ২৩৬৯.০০ | ৩৯১.৮৮ | - | ৩৯১.৮৮ |
| | মোট = | ৩৭৭৯৫.০০ | ৪২৩৪২.০০ | ৮০১৩৭.০০ | ২০১৫৫.৭৫ (৫০.৩৩%) | ১৮০৩২.৮৪ (৪২.৫৯%) | ৩৮১৮৮.৫৯ (৪৭.৬৫%) |

## নতুন অনুমোদিত প্রকল্পসমূহ:

| নং | প্রকল্পের নাম | ২০১৮-১৯ অর্থ বছরের এডিপি বরাদ্দ | | |
|---|---|---|---|---|
| | | জিওবি | প্রঃ সাহায্য | মোট |
| **কারিগরি শিক্ষা অধিদপ্তর** | | | | |
| ১১. | Skill-21: Empowering Citizens for Inclusive and Sustainable Growth (জুলাই ২০১৮ হতে জুন ২০২১) | - | | সংশোধিত এডিপিতে বরাদ্দ প্রদর্শিত হবে |
| ১২. | চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এবং রংপুর বিভাগে ০১টি করে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন (জুলাই ২০১৮ হতে জুন ২০২১) | | | সংশোধিত এডিপিতে বরাদ্দ পাওয়া যাবে |
| ১৩. | ২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন (অক্টোবর'২০১৮ হতে জুন'২০২১) | | | সংশোধিত এডিপিতে বরাদ্দ পাওয়া যাবে |
| **মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর** | | | | |
| ১৪. | নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (১৮০০টি মাদ্রাসা) (জুলাই ২০১৮ হতে জুন ২০২১) | | | সংশোধিত এডিপিতে বরাদ্দ পাওয়া যাবে |

**সিদ্ধান্ত :**

নিয়মিত মাসিক সমন্বয় সভার পূর্বে প্রতি মাসের ২০ তারিখের মধ্যে প্রকল্প সংক্রান্ত আপডেট তথ্য সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নে :** যুগ্ম সচিব (উন্নয়ন) এবং উপপ্রধান (পরিকল্পনা)।

অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-৩০.০৪.২০১৯ খ্রি:।
(মো: আলমগীর)
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং- ৫৭.০০.০০০০.০০২.০৬.০০১.১৭ (অংশ-১)-২৪৯

তারিখঃ ১৯ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
০২ মে ২০১৯ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/কারিগরি/মাদ্রাসা/অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইজ), নীলক্ষেত-পলাশী, ঢাকা।
৫. পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

[illegible] সমন্বয় সভা\কার্যবিবরণী\25.04.2019 Regulation.docx

৬। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ০২ আব্দুল গণি রোড, ঢাকা।
৭। যুগ্মসচিব (অডিট ও আইন/প্রশাসন ও অর্থ/কারিগরি/মাদ্রাসা/উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৮। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৯। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
১০। পরিচালক (যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
১১। উপসচিব, (মাদ্রাসা/কারিগরি-১/কারিগরি-২/কারিগরি-৩/অডিট ও আইন/উন্নয়ন-১/এমপিও সেল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২। উপ-প্রধান (পরিকল্পনা),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
১৩। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (বিএমটিটিআই), বোর্ড, বাজার, গাজীপুর।
১৪। সিনিয়র সহকারী সচিব (রাজস্ব বাজেট/প্রশাসন ও অর্থ/সেবা/উন্নয়ন বজেট/অডিট/আইন/মাদ্রাসা-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
১৫। সহকারী সচিব (মাদ্রাসা-২/সমন্বয়/সংসদ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৬। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
১৭। প্রশাসনিক কর্মকর্তা (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৮। ব্যক্তিগত কর্মকর্তা (সকল),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৮/০৫/২০১৯
(মোঃ হুমায়ূন কবীর)
সহকারী সচিব (সমন্বয়)

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।